

কটিয়াদীতে ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কর্মসূচীর উদ্বোধন

কটিয়াদী (কিশোরগঞ্জ) প্রতিনিধি

কিশোরগঞ্জের কটিয়াদীতে ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার কটিয়াদী সদর হাসপাতালে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কটিয়াদী পৌরসভার মেয়র শওকত উসমান গুজুর আলী, কটিয়াদী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা এস এম মোস্তাফিজুর রহমান, কটিয়াদী পৌরসভার সহকারি প্রকৌশলী মহিউদ্দিন আহমেদ, উপসহকারি প্রকৌশলী জামিল হাসান, সচিব কারার দিদাবুল মতিন, উপজেলা স্বাস্থ্য পরিদর্শক জাহিরুল ইসলাম, কটিয়াদী সদর হাসপাতালের প্রশাসনিক কর্মকর্তা মোঃ ওমর ফারুক, স্যানিটারি ইন্সপেক্টর দিদাবুল আলম রাসেল, সাংবাদিক সারোয়ার হোসেন শাহীন প্রমুখ। এ সময় ফগার মেশিন দিয়ে কটিয়াদী পৌর সদরের বিভিন্নস্থানে মশক নিধনের জন্য স্প্রে করা হয়। ফগার মেশিন পরিচালনার দায়িত্বে ছিলেন ইমরান হোসেন।